



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৬.২১.৪২৮

তারিখ: ২৫ আষাঢ়, ১৪২৮

০৯ জুলাই ২০২১

বিষয়: ঢাকা মহানগরীর উত্তরা হাই স্কুল এন্ড কলেজের ২ জন শিক্ষক ও ১ জন কর্মচারির এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর উত্তরা হাই স্কুল এন্ড কলেজ এর কলেজ শাখার অর্থনীতি এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা বিষয়ের প্রভাষক এবং ১ জন কর্মচারীর এম.পি.ও ভুক্তির সিদ্ধান্ত কামনা করে প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। প্রতিষ্ঠানের নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাই করে বর্ণিত বিষয়ে শিক্ষক ও কর্মচারী এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত প্রদানের জন্য উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ও সহকারী পরিচালক (এইচ.আর.এম), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে নিয়োগ সংক্রান্ত সকল রেকর্ডপত্র যাচাই করে জনবল কাঠামো ও প্রামাণ্য রেকর্ডপত্রের ভিত্তিতে এম.পি.ও ভুক্তির বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৭-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) উপপরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) সহকারী পরিচালক-১, এইচআরএম ইউনিট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৬.২১.৪২৮/১(২)

তারিখ: ২৫ আষাঢ়, ১৪২৮

০৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) অধ্যক্ষ, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।

৯৬০৪

৯-৭-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক